**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING/ MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**FEBRUARY 2025** **7:35AM/ 7:45—7:55 PM IST**

==========================================================================

১) এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণের প্রচার ও প্রসারের মাধ্যমে বিনিয়োগকারীদের আকর্ষিত করার জন্য সিংগাপুর সফররত মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার আজ সফরের দ্বিতীয় দিনে ওই দেশের উপ-প্রধানমন্ত্রী তথা বাণিজ্য ও শিল্প মন্ত্রী গেন য়ঙ য়ের সঙ্গে সাক্ষাৎ ।

২) রাজ্যে আগামীকাল থেকে উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষা ।

৩) সমগ্র দেশে আজ সন্ত রবিদাস জন্মজয়ন্তী পালন ।

৪) আসামের নয়নমণি শইকিয়ার ক্রমাগত ৫ টি জাতীয় ক্রীড়া প্রতিযোগীতায় স্বর্ণপদক জয় করে অনন্য রেকর্ড সৃষ্টি ।

---

এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণের প্রচার ও প্রসারের মাধ্যমে বিনিয়োগকারীদের আকর্ষিত করার জন্য সিংগাপুর সফররত মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ সফরের দ্বিতীয় দিনে ওই দেশের উপ-প্রধানমন্ত্রী তথা বাণিজ্য ও শিল্প মন্ত্রী গেন য়ঙ য়ের সঙ্গে সাক্ষাৎ করেন । সাক্ষাৎকালে মূখ্যমন্ত্রী উদ্ভাবনমূখী অর্থনীতি , সেমিকন্ডাক্টর ,দক্ষতা ও সবুজ শক্তির সহযোগীতার মাধ্যমে ভারত-এশিয়ান কৌশলগত অংশীদারিত্বে আসামের ভূমিকা সম্পর্কে আলোচনা করেন । সেইসঙ্গে তিনি আসাম ও সিংগাপুরের মধ্যে সম্পর্ক সুদৃঢ় করার ক্ষেত্রে উপ-প্রধানমন্ত্রীর দায়বদ্ধতার পরামর্শ নেন । মূখ্যমন্ত্রী শর্মা আজ সিংগাপুরে একটি রোড শোয়ে অংশ নেন । দুশোরও অধিক ব্যাবসায়িক প্রতিষ্ঠানের প্রতিনিধির অংশ গ্রহণে এই রোড শোয়ে বিনিয়োগকারীরা ভারতের অর্থনৈতিক সম্ভাবনার ক্ষেত্রে আসামের ভূমিকাকে নিয়ে আগ্রহ প্রকাশ করেন । মূখ্যমন্ত্রী ব্যাক্তিগতভাবে প্রত্যেক সম্ভাব্য বিনিয়োগকারীকে এডভান্টেজ আসাম শীর্ষ সম্মেলনে অংশ নিয়ে রাজ্যে বিভিন্ন সুযোগের অন্বেষণ করার আমন্ত্রণ জানান ।

---

রাজ্যে আগামীকাল থেকে আরম্ভ হওয়া উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষার জন্য সবধরণের প্রস্তুতি সম্পূর্ণ ।এবছর মোট ৮৫৬ টি পরীক্ষা কেন্দ্রে ৩ লক্ষ ৬ হাজার ৮৪১ জন পরীক্ষার্থী এই পরীক্ষায় অবতীর্ণ হবে ।এরমধ্যে ১ লক্ষ ৪৪ হাজার ৫০২ জন ছাত্র এবং ১ লক্ষ ৬২ হাজার ৪২৩ জন ছাত্রী ।আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের সচিব নারায়ণ নাথ জানান যে উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের কলা শাখায় ২ লক্ষ ৩০ হাজার ৯১ জন , বিজ্ঞান শাখায় ৫৭ হাজার ৭২৪ জন , বানিজ্য শাখায় ১৭ হাজার ৮৬৯ জন এবং বৃত্তিমূলক শিক্ষায় ১ হাজার ২৪১ জন পরীক্ষার্থী পরীক্ষায় অবতীর্ণ

হবে ।উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের পরীক্ষায় এবার সর্বাধিক সংখ্যক পরীক্ষার্থী পরীক্ষায় অবতীর্ণ হচ্ছে বলে উল্লেখ করে বিদ্যালয় শিক্ষা পর্ষদের সচিব শ্রী নাথ জানান যে পরীক্ষা সমাপ্ত হওয়ার পর রাজ্যের মোট ৪৫ টি মূল্যায়ন কেন্দ্রে উত্তরপত্র মূল্যায়ন করা হবে ।

এদিকে আগামী ১৫ ই ফেব্রুয়ারী থেকে আরম্ভ হওয়া মাধ্যমিক পরীক্ষায় রাজ্যের ৯৪৪ টি পরীক্ষা কেন্দ্রে মোট ৪ লক্ষ ২৯ হাজার ৪৪৮ জন পরীক্ষার্থী পরীক্ষায় অবতীর্ণ হবে বলে শ্রী নাথ জানান । তিনি বলেন যে এবছর ৩১ টি অতিরিক্ত পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং ৪২ টি মূল্যায়ন কেন্দ্রে উত্তরপত্র মূল্যায়ন করা হবে ।উল্লেখ্য উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষা এবং মাধ্যমিক পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত করার জন্য রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ রাজ্য সরকারের উচ্চপদস্থ আধিকারীকদের নিয়ে রাজ্য পর্যায়ের পর্যবেক্ষণ কমিটি এবং জেলা পর্যায়ের পর্যবেক্ষণ কমিটি গঠন করেছে । পরীক্ষাকেন্দ্রে মোবাইল ফোন সহ সবধরণের ইলেক্ট্রনিক সামগ্রী ব্যবহারের ওপর বাধা আরোপ করা হয়েছে ।পরীক্ষাকেন্দ্রের পর্যবেক্ষক , নিরাপত্তা আধিকারীক , তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীরাও কোনধরণের ইলেক্ট্রনিক সামগ্রী ব্যবহার করতে পারবেন না । পরীক্ষার সময় যাতে কোনধরণের অপ্রীতিকর ঘটনা সংঘঠিত না হয় তার প্রতি লক্ষ্য রেখে সংশ্লিষ্ট জেলার আয়ুক্তরা ভারতীয় ন্যায় সংহিতার ১৬৩ ধারার অধীনে বেশকিছু নিষেধাজ্ঞা আরোপ করেছেন ।সেই অনুযায়ি পরীক্ষা কেন্দ্রের ১০০ মিটার ব্যাসার্ধের মধ্যে পরীক্ষার্থী ছাড়া অন্য লোকের প্রবেশে নিষেধ করা হয়েছে ।

---

সমগ্র দেশে আজ সন্ত রবিদাসের জন্মজয়ন্তী পালন করা হয়েছে । সন্ত রবিদাস চতুর্দশ শতকের সাধক ও উত্তর ভারতের ভক্তি আন্দোলনের প্রতিষ্ঠাতা ছিলেন । হিন্দি পঞ্জিকা অনুসারে মাঘ পূর্ণিমার দিন রবিদাস জয়ন্তী পালন করা হয় ।
রাষ্ট্রপতি দ্রৌপদী এ উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন ।এক বার্তায় তিনি বলেন যে  সন্ত রবিদাস একজন মহান সাধক ছিলেন এবং তিনি নিজের লেখনীর মাধ্যমে একতা ও ভ্রাতৃত্ববোধের বার্তা দিয়েছিলেন । গুরু রবিদাসজী  মানবতার সেবাকে লক্ষ্য করেছিলেন এবং ধর্ম ও জাতপাতের ভিত্তিতে বৈষম্যকে নির্মূল করে সমাজে ঐক্য প্রতিষ্ঠা করেছিলেন বলেও রাষ্ট্রপতি উল্লেখ করেন ।
উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনকর সন্ত রবিদাসের জন্মজয়ন্তী উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমে একবার্তায় তিনি বলেন যে মহান সাধক ,কবি এবং সমাজ সংস্কারক গুরু রবিদাসজী একটি জাতি বৈষম্যহীন সমাজের কল্পনা করেছিলেন । উপ-রাষ্ট্রপতি জনসাধারণকে গুরু রবিদাসের পথ অনুসরণ করতে এবং ভারতকে শক্তিশালী করার ক্ষেত্রে অবদান যোগানোর আহ্বান জানান ।

---

কাছাড় জেলায় ও আজ যথাযোগ্য মর্য্যাদায় সন্ত রবিদাস জন্ম জয়ন্তী পালন করা হয়েছে । কাছাড় জেলা রবিদাস সমাজ উন্নয়নের পক্ষ থেকে আজ শিলচরে একটি শোভাযাত্রা বের হয়ে শহর পরিক্রমা করে । এছাড়া সন্ত রবিদাস জয়ন্তী উপলক্ষ্যে শিলচর কলেজ রোড পয়েন্টে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

---

উত্তর প্রদেশের প্রয়াগরাজের মহাকুম্ভে মাঘি পূর্ণিমা উপলক্ষ্যে আজ এপর্যন্ত ১ কোটি ৫৯ লক্ষেরও অধিক ভক্ত পবিত্র স্নান সম্পন্ন করেছেন । এনিয়ে এপর্যন্ত প্রায় ৪৭ কোটি ৫৫ লক্ষ ভক্ত পবিত্র স্নান সম্পন্ন করেছেন । কল্পবাসর প্রথার সমাপ্তি প্রতীক স্বরূপ মাঘী পূর্ণিমার স্নানের বিশেষ গুরুত্ব রয়েছে । মহাকুম্ভ মেলা বিশ্বের সর্ববৃহৎ ধর্মীয় সমাবেশ । ১৩ জানুয়ারীতে আরম্ভ হওয়া এই সমাবেশে বিশ্বের বিভিন্ন প্রান্তের ভক্ত অংশ গ্রহণ করেছেন ।

---

কেন্দ্রীয় বন্দর জাহাজ ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল ভারত ২০২৯ সালের মধ্যে বিশ্বের তৃতীয় সর্ববৃহৎ অর্থব্যাবস্থা হিসেবে পরিগণিত হবে বলে মন্তব্য করেছেন ।শ্রী সনোয়াল আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে ২০২৫-২৬ বর্ষের কেন্দ্রীয় বাজেট সম্পর্কে একথা বলেন । তিনি বলেন যে প্রদানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে বর্তমান সরকারের গ্রহণ করা নীতি কার্যসূচীসমূহ দেশের জনসাধারণের আর্থ-সামাজিক মানের উত্তরণ ঘটিয়েছে । সেইসঙ্গে তিনি সুশাসন দেশবাসীর জন্য মর্যাদাপূর্ণ জীবন সুনিশ্চিত করেছে বলেও উল্লেখ করেন ।

---

আসামের নয়নমণি শইকিয়া অনন্য রেকর্ড সৃষ্টি করে ক্রমাগত ৫ টি জাতীয় ক্রীড়া প্রতিযোগিতায় স্বর্ণপদক জয় করেছে । উত্তরাখন্ডে অনুষ্ঠিত ৩৮ তম জাতীয় ক্রীড়া সমারোহে মহিলাদের ল’নবলের ডাবলসে সোণার পদক অর্জন করে নয়নমণি এই কৃতিত্বের অধিকারী হয় ।অনুরূপভাবে রাজ্যের অন্য আরেকজন ল’নবল খেলোয়াড়

বনগীতা সর্বাধিক জাতীয় ক্রীড়ায় অংশগ্রহণ করার রেকর্ড সৃষ্টি করেছে ।২০০৭ সালে গুয়াহাটীতে অনুষ্ঠিত ৩৩ তম জাতীয় ক্রীড়ায় অংশ নিয়ে খেলোয়াড় জীবনের শুরু করা বনগীতা ক্রমান্বয়ে ৬ টি জাতীয় ক্রীড়ায় আসামের প্রতিনিধিত্ব করেছে এবং প্রতিটি ক্রীড়ায় পদক অর্জন করতে সক্ষম হয়েছে ।বনগীতা এপর্যন্ত মোট ৪ টি সোণার পদক , দুটি রূপোর পদক লাভ করেছে ।এবারের জাতীয় ক্রীড়া সমারোহে বনগীতা ল'নবলের মহিলাদের ডাবলসে নয়নমণি শইকিয়ার সঙ্গে সোণার পদক লাভ করেছে ।

---

উত্তরাখন্ডের হালদ্বানিতে অনুষ্ঠিত ৩৮ তম জাতীয় ক্রীড়া প্রতিযোগিতায় হাইলাকান্দির দুইকন্যা আসাম রাজ্য তাইকোন্ডো দলের হয়ে ব্রোঞ্জ পদক অর্জন করেছে ।অনুর্দ্ধ ৩০ বিভাগে তাইকোন্ডো পুমসে টিম ইভেন্টে হাইলাকান্দির পঞ্চমী দাস ও মনিতা আচার্য রাজ্যে দলের প্রতিনিধিত্ব করে হাইলাকান্দি জেলা থেকে প্রথম তাইকোন্ডো খেলোয়াড় হিসেবে জাতীয় ক্রীড়ায় পদক জয় করার কৃতিত্ব অর্জন করেছে । এই দলে ডিমাহাসাও জেলার হাফলংয়ের বেনলা কেম্প্রাই ও ছিলেন ।এদিকে হাইলাকান্দির দুই খেলোয়াড় এবং প্রশিক্ষক বিভাভূষণ চক্রবর্তী গতকাল জেলায় ফিরে এলে বিভিন্ন দল সংগঠনের পক্ষ থেকে তাদেরকে উষ্ণ সম্বর্ধনা জানানো হয় এবং হাইলাকান্দি শহরে তাদেরকে নিয়ে এক বিজয় মিছিলের আয়োজন করা হয় ।জেলা তাইকোন্ডো এসোসিয়েশনের পক্ষ থেকেও পদকজয়ী খেলোয়াড়দের সম্বর্ধনা জানানো হয় ।

---

রাজ্যের পশুপালন ও মৎস্য বিভাগের মন্ত্রী তথা হাইলাকান্দি জেলার অভিভাবক মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আজ ভারতীয় জনতা পার্টির হাইলাকান্দি জেলা শাখা আয়োজিত বীর চিলারায় দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানে অংশ গ্রহন করেন । মন্ত্রী শ্রী পাল প্রথমে বীর চিলারায়ের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান এবং একটি আলোচনা সভায় অংশ গ্রহন করেন ।শ্রী পাল সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় বলেন যে --

**বাইট ১ মিনিট**

পরে মন্ত্রী শ্রী পাল জেলা প্রশাসন আয়োজিত একটি পর্য্যালোচনা সভায় অংশ গ্রহন করে ।

---

ডিমা হাসাও জেলার বিভিন্ন ডিমাসা সংগঠনের উদ্যোগে আজ হাফলং-এ বিভিন্ন কার্য্যসূচীর মাধ্যমে স্বাধীনতা সংগ্রামী বীর শম্ভুধন ফাংলোর আত্মবলিদান দিবস শহীদ দিবস হিসেবে পালন করা হয়েছে । রাজ্যপাল লক্ষন প্রসাদ আচার্য্য মূখ্য অতিথি হিসেবে শহীদ দিবসের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন । এছাড়া উত্তর-কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের সদস্য সহ প্রশাসনিক শীর্ষ আধিকারীকরা উপস্থিত ছিলেন ।